

1st Year // তবলার বর্ণ //

যেমন প্রত্যেক ভাষার অক্ষর বা বর্ণ আছে, তেমনি তবলাতেও কয়েকটি বর্ণ প্রয়োগ করা হয়। এই বর্ণগুলির সংখ্যা সম্পর্কে বিভিন্ন পণ্ডিতগণের মধ্যে মতভেদ থাকিলেও অধিকাংশ পণ্ডিত দশটি বর্ণ মানিয়া থাকেন, এই দশটি বর্ণের মধ্যে তবলাতে বাজান হয় ছয়টি বর্ণ, কেবল বাঁয়াতে বাজান হয় দুইটি বর্ণ এবং তবলা ও বাঁয়া একসাথে বাজান হয় দুইটি বর্ণ। নিম্নে ইহাদের আলোচনা করা হইল—

[তবলাতে বাজাইবার বর্ণ]

- | | | |
|---------------|----------------|---------------|
| [১] তা বা না | [৩] দিন বা ধুন | [৫] তু বা তুন |
| [২] তিন বা তি | [৪] তে বা তি | [৬] রে বা টে। |

[বাঁয়াতে বাজাইবার বর্ণ]

- | | |
|---------------------|---------------|
| [৭] ক, কে, কি বা কং | [৮] গে বা ঘে। |
|---------------------|---------------|

[তবলা ও বাঁয়া একসাথে বাজাইবার বর্ণ]

- | | |
|--------|-----------|
| [৯] ধা | [১০] ধিন। |
|--------|-----------|

॥ दश वर्ण बाजाइबार रीति ॥

[१] ता वा ना : तजनीर साहाय्ये लव ओ टाटिर संयोजनखुले आघात करिले 'ता' बाजिबे एवं टाटिंते तजनी द्वारा आघात करिले 'ना' बाजिबे।

[२] तिन वा ति : तजनीर साहाय्ये केवलमात्र लव वा मयदानेर उपर चापा आघात करिले 'ति' बाजिबे एवं तजनी द्वारा लवेर उपर आलगाभावे आघात करियाइ अङ्गुलि तुलिया लहिले 'तिन' ध्वनि उंपम हइबे।



ता वा ना



तिन् वा ति

[३] दिन् वा धुन् : तजनी, मध्यमा, अनामिका ओ कनिष्ठा अङ्गुलि एक साथे झुडिया स्याही वा गाबेर उपर आलगाभावे आघात करियाइ हात तुलिया लहिले 'दिन्' वा 'धुन्' बाजिबे।



दिन् वा धुन्



ते वा ति

[৪] তে বা তি : 'তে' বা 'তি' দুইভাবে বাজান হইয়া থাকে। দিল্লী এবং অজরাড়া ঘরণার বাদকেরা কেবলমাত্র গাব বা স্যাহীর মধ্যবর্তী স্থানে মধ্যমা অঙ্গুলি দ্বারা আঘাত করিয়া এই ধ্বনি উৎপন্ন করেন। আবার পূর্ব ঘরণার বাদকেরা স্যাহী বা গাবের উপর মধ্যমা, অনামিকা দ্বারা বা মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা এই তিনটি অঙ্গুলি একসাথে জুড়িয়া গাবের মধ্যস্থলে আঘাত করিয়া এই বাণী উৎপন্ন করেন।

[৫] তু বা তুন্ : তজনীর সাহায্যে স্যাহী বা গাবের এক পার্শ্বে আঘাত করিলে 'তু' বা 'তুন্' বাজিবে।



তু বা তুন্



রে বা টে

[৬] রে বা টে : তজনীর সাহায্যে স্যাহী বা গাবের মধ্যবর্তী স্থানে আঘাত করিলে 'রে' বা 'টে' বাজিবে।

[৭] ক, কে, কি বা কং : বাঁমহাতের পাঁচটি অঙ্গুলি একসাথে জুড়িয়া সম্পূর্ণ হাত দ্বারা বাঁয়ার উপর আঘাত করিলে ক, কে, কি বা কং বাজিবে।



ক, কে, কি বা কং



গে বা ঘে

[৮] গে বা ঘে : বামহাতের পশ্চাৎভাগ স্যাহী বা গাবের পার্শ্বে রাখিয়া তর্জনী ও মধ্যমা এই দুইটি অঙ্গুলি একসাথে জুড়িয়া লব বা ময়দানের উপর আঘাত করিলে 'গে' বা 'ঘে' বাজিবে।



ধা

[৯] ধা : তবলায় 'তা' এবং বাঁয়াতে 'গে' বা 'ঘে' বর্ণ একসাথে বাজাইলে 'ধা' ধ্বনি উৎপন্ন হইবে।



ধিন্

[১০] ধিন্ : তবলায় 'তিন্' ও বাঁয়াতে 'গে' বা 'ঘে' বর্ণ একসাথে বাজাইলে 'ধিন্' 'ধ্বনি' উৎপন্ন হইবে।